

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
হাসপাতাল ও ক্লিনিক সমূহ
মহাখালী, ঢাকা-১২১২।

স্মারক নং- স্বাঃঅধিঃ/হাসঃ/মেঃবোর্ড/সিনিয়র স্টাফ নার্স/২০২০/ ৩৮৬

তারিখ- ৩৬/০৮/২০২০খ্রিঃ।

বিষয়ঃ- নব-যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সদের স্বাস্থ্য পরীক্ষায় উপস্থিত প্রসঙ্গে।

নব-যোগদানকৃত সিনিয়র স্টাফ নার্সকে -----(রোল নং - -----) কে নির্দেশক্রমে জানানো যাইতেছে যে, তাহার স্বাস্থ্য পরীক্ষা-----/-----২০২০খ্রি. তারিখ সকাল ৮.৩০ ঘটিকায় ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল/ স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ মিটফোর্ড হাসপাতাল/ জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পূর্ববাসন প্রতিষ্ঠান (নিটোর), শেরে-ই-বাংলানগর/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, শেরে-ই-বাংলানগর/ জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে-ই-বাংলানগর, ঢাকা/জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, মহাখালী/ মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, মুগদা অনুষ্ঠিত হইবে। কাজেই উল্লেখিত তারিখে যথাসময়ে স্বাস্থ্য পরীক্ষার জন্য উক্ত হাসপাতালের বর্হিবিভাগে বিশেষ মেডিকেল বোর্ডের সম্মুখে হাজির হওয়ার জন্য তাঁহাকে অনুরোধ করা যাইতেছে। মেডিকেল বোর্ডে উপস্থিত হওয়ার সময় প্রার্থীকে নিম্নলিখি কাগজপত্র সংঙ্গে আনিতে হইবে।

ক) পিছন-সামনে অবস্থানে বুকের এক্সরে ফটো রিপোর্ট সহ (চিহ্নিত করণের দাগের উল্লেখ ও সত্যায়িত দস্তখত থাকিতে হইবে) বোর্ডের নিকট পেশ করিতে হইবে।

খ) একজন চক্ষু বিশেষজ্ঞের নিকট হইতে চক্ষু পরীক্ষার সার্টিফিকেট বোর্ডের নিকট পেশ করিতে হইবে।

গ) প্রসাব পরীক্ষার জন্য প্রত্যেক প্রার্থীকে নগদ ২০/- (বিশ টাকা) টাকা দিতে হবে।

ঘ) স্বাস্থ্য পরীক্ষার নির্দিষ্ট দিনে বোর্ডের সভাপতির নিকট প্রত্যেক প্রার্থীকে সরকারী ট্রেজারী অথবা বাংলাদেশ ব্যাংকে


-	১	২	৭	১	১	-	০	০	০	০	-	২	৬	৮	১
---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---	---

-এই কোড নম্বরে ৫০/- টাকা জমা দিয়া

জমাকৃত মূল ট্রেজারী চালান ও স্বাস্থ্য পরীক্ষার জন্য মেডিকেল বোর্ডের সদস্যদের ফি বাবদ অতিরিক্ত ৫০/- টাকা বোর্ডের নিকট দাখিল করিতে হইবে।

ঙ) পিএসসি কর্তৃক ইতোপূর্বে জারীকৃত পরীক্ষার ছবিসহ প্রবেশপত্রও সংঙ্গে আনিতে হইবে।

উপরোক্ত প্রয়োজনীয় তথ্যাদি ব্যতীত কোন ক্রমেই স্বাস্থ্য পরীক্ষা গ্রহণ করা সম্ভব হইবে না।



(ডাঃ মোঃ ফরিদ হোসেন মিয়া)
পরিচালক (হাসপাতাল ও ক্লিনিক সমূহ)
স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

Email:directorhospital@ld.dghs.gov.bd

ফোন: ০২-৫৫০৬৭১৫০ ফ্যাক্স নং: ৫৫০৬৭১৫১